# ধুনট সোনালী বানিজ্যিক সমিতি লিঃ এর সফলতার প্রতিবেদন

বগুড়া জেলার ধুনট উপজেলাধীন ধুনট বাজারে ২০ জন লোকের ২৩,০০০ টাকা শেয়ার ও ২৩০০০ টাকা সঞ্চয় আমানত নিয়ে ১ম পথযাত্রা শুরু হয় ধুনট সোনালী ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ রেজিঃ নং-৮০, তাং-০৬/০৫/১৯৭৮ইং সমিতির ঠিকানা গ্রাম- ধুনট বাজার, ডাকঘর-ধুনট,উপজেলা-ধুনট, জেলা- বগুড়া।

সমিতির সভা নির্বাচনী এলাকা ও কর্ম এলাকাঃ সমগ্র ধুনট উপজেলার মধ্যে সীমাবদ্ধ।
অত্র সমিতিতে বর্তমানে ১ জন লোক নিয়োগ দেওয়া হয়েছে।

প্রত্যক্ষভাবে ১ জন লোকের কর্মসংস্থান হযেছে। সমিতির সদস্যদের শেয়ার মূলধন ও সঞ্চয় আমানতের মাধ্যমে মূলধন গঠনপূর্বক তাদের আর্থ-সামাজিক উন্নয়ন সাধনসহ স্থানীয় জনসাধারণের উপকারের জন্য বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করাই সমিতির মূল উদ্দেশ্য।

সমিতির কর্মএলাকায় ব্যবসায়ীদের মধ্যে সমিতির সদস্যদের প্রয়োজনে ক্ষুদ্র ঋণ প্রদান করে থাকে। এছাড়া এ সমিতির বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে মার্কেটের বসায়ীদের ভাগ্য উন্নয়নের চেষ্টা অব্যাহত রয়েছে। ইতিমধ্যে প্রত্যক্ষভাবে ১ জন সদস্যের এবং পরোক্ষভাবে প্রায় ৮ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।

ধুনট সোনালী বানিজ্যিক সমবায় সমিতি লিঃ এর নির্বাচনী এলাকার ও সমাজের সকল শ্রেণীর ব্যবসায়ী লোকজনকে নিয়ে গঠিত সমিতিটি প্রতিষ্ঠাকাল হইতে ধুনট বাজারে মার্কেটে বিভিন্ন কসমেটিক, কাপড়, সেন্ডেল, ব্যাগ, দোকান দিয়ে ব্যবসা করে আসছে। সমিতিটির শুরুকালীন সদস্য সংখ্যা ছিল ২৩ জন। যা বর্তমানে দাড়িয়েছে ৪৫ জন। শুরুকালীন শেয়ার আমানত ছিল ২৩,০০০/- টাকা। যা বর্তমানে দাড়িয়েছে ৪৬৫০০/- টাকা। শুরুকালীন সঞ্চয় আমানত ছিল ২৩,০০০/- টাকা। যা বর্তমানে দাড়িয়েছে ২৫৭৪৬৬/- টাকা। তাহা ছাড়াও বর্তমান সংরক্ষিত তহবিল ১০৪৮১২/- টাকা। সমবায় উন্নয়ন তহবিল ৫৭৯১/- টাকা, সমিতির স্থায়ী সম্পদ হিসাবে জয়গা/ জমির মুল্য বাবদ ৭৩,২২১/-রয়েছে। যা বর্তমান বাজার মুল্য নির্ধারণ করেনি। এছাড়া সমিতির অস্থাবর সম্পত্তির মধ্যে মার্কেট ঘরের মুল্য-৯০৬৬৬৪/- টাকা, টিউবয়েলের মুল্য-৯১২/- অফিস ঘরের চেয়ার টেবিল , আলমিরা ও আসবাবপত্র রয়েছে মুল্য৩৭৪১৮/-টাকা।

সমিতির অনুমোদিত শেয়ারের মূল্য ৫,০০০০০/- (পাঁচ লক্ষ) টাকা। যা ৫,০০০ অংশে বিভক্ত প্রত্যেক শেয়্যারের মূল্য ১০ টাকা। "দশেমিলে করি কাজ হরিজিতি নাহি লাজ" এই অভিসংবাদিত পাঠাকে সামনে রেখে মার্কেটের ব্যবসায়ী কিংবা লোকদের ও সঞ্চয়ী মনোভাব গড়ে তোলা। সরকারী বা বিদেশী সংস্থা বা অন্য কোন প্রতিষ্ঠান হতে কোন ধরনের ঋণ গ্রহন করা হয়নি।

সমবায় আইন, বিধিমালা, উপ-আইন বিভাগীয় সার্কুলারসহ আদেশ-নির্দেশ সঠিকভাবে প্রতিপালন হচ্ছে। নিয়মিত বার্ষিক অডিট সম্পাদন ও এজিএম অনুষ্ঠিত হচ্ছে। এভাবেই সমিতিটি দিন দিন সফলতার মুখ দেখছে।

সমিতরি ২০২০-২০২১ সালের বার্ষিক অডিটে সমিতির ক্ষাত হয়েছে ২৪৮৪৪৩/- টাকা। সমিতিটি ২০২১-২০২২ সালের বার্ষিক অডিট এখনও হয়নি।সমিতরি কার্যক্রম মুটামুটি ভাল।

সমিতির কর্ম এলাকায় সমিতির সদস্যদের মধ্যে ব্যবসায়ীদের ঋন বিতরণ সহ ধুনট বাজারে বিভিন্ন ব্যবসায়ীদের দোকান, যেমন কাপড়, কসমেটিক মাসগ্রী, সেন্ডেল কোকারিজ মাসগ্রীর দোকান রয়েছে এসব সামগ্রী বিক্রি করে ব্যবসায়ীরা ব্যবস্থা করে থাকে মুলত। এছাড়া বিভিন্ন সামাজিক কার্যক্রমে অংশগ্রহনসহ আর্থিক সহায়তা প্রদান করা হযে থাকে এসকল ভাল কার্যক্রমের জন্য এ বছর জাতীয় সমবায় দিবসে শ্রেষ্ট সমবায় সমিতির পুরষ্কার মাননীয় এমপি মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বুগুড়ার উপস্থিতিতে বিতরণ করা হয়।

সমিতিটি অবৈধভাবে কোন ব্যাংক ব্যবসার সাথে জড়িত নহে। সমিতিটি স্থানীয় অগ্রনী ব্যাংক, ধুনট শাখায় ১টি সঞ্চয়ী হিসাব খুলে লেনদেন পরিচালনা করে আসছে। সমিতির সর্বশেষ ব্যাংক স্থিতির পরিমান ১৭৬৬২৩/- টাকা।

সমিতির আদেশ-নির্দেশ সঠিকভাবে প্রতিপালন হচ্ছে এবং সমিতির ২০২০-২০২১ সালের অডিট হয়েছে। ২০২১-২০২২সালের বার্ষিক অডিট সম্পাদন এখনও হয়নি। বার্ষিক সাধারণ সভা কোরাম সংখ্যক সদস্যদের উপস্থিতিতে অনুষ্ঠিত হয়।

সংযুক্তঃ অডিট প্রতিবেদন

# ধুনট সোনালী বানিজ্যিক সমবায় সমিতির সফলাতার কিছু স্থির চিত্র।

সমিতির অফিস ঘরের সাইনবোর্ড




সমিতির কার্যক্রমের ছবি



সমিতির কার্যক্রমের ছবি



সমিতির কার্যক্রমের ছবি



মাননীয় এমপি. মহোদয় এবং ইউ,এনও মহোদয়ের উপস্থিতিতে শ্রেষ্ট সমবায় সমিতির পুরস্কার গ্রহণ



সমিতিতে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভার ছবি